

🗏 আল-মুরসালাত | Al-Mursalat | ٱلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭: ৪৩

💵 আরবি মূল আয়াত:

كُلُوا وَ اشْرَبُوا هَنِيَ\x{0640}أ بِمَا كُنتُم تَعمَلُونَ ﴿٢٣﴾

🗚 আনুবাদসমূহ:

(তাদেরকে বলা হবে) 'তোমরা যে আমল করতে তার প্রতিদানস্বরূপ তৃপ্তির সাথে পানাহার কর; — আল-বায়ান (তাদেরকে বলা হবে) 'তোমরা তৃপ্তির সঙ্গে খাও আর পান কর, তোমরা যে 'আমাল করেছিলে তার পুরস্কারস্বরূপ। — তাইসিরুল

তোমাদের কর্মের পুরস্কার স্বরূপ তোমরা তৃপ্তির সাথে পানাহার কর। — মুজিবুর রহমান

[Being told], "Eat and drink in satisfaction for what you used to do." — Sahih International

৪৩. তোমাদের কর্মের পুরস্কারস্বরূপ তোমরা তৃপ্তির সাথে পানাহার কর।

তাফসীরে জাকারিয়া

(৪৩) তোমরা তোমাদের কর্মের পুরস্কার স্বরূপ তৃপ্তির সাথে পানাহার কর। [1]

[1] এটা অনুগ্ৰহ স্বৰূপ বলা হবে না। بِمَا كُنْتُمْ এ بِعَجِهِ হরফটি কারণ বর্ণনাকারীরূপে ব্যবহূত হয়েছে। অর্থাৎ, জান্নাতের এই নিয়ামতগুলো সেই নেক কাজগুলোর কারণে তোমরা পেয়েছ, যা তোমরা দুনিয়াতে করেছিলে। এর অর্থ হল, আল্লাহর যে রহমতের অসীলায় মানুষ জান্নাতে প্রবেশ করবে, সেই রহমত লাভ করার মাধ্যম হল সৎকর্মাবলী। যারা সৎকর্ম ছাড়াই আল্লাহর রহমত ও তাঁর ক্ষমা পাওয়ার আশাবাদী, তাদের দৃষ্টান্ত ঠিক সেই চাষীর মত, যে জমিতে চাষ না দিয়েই এবং বীজ না বুনেই ফসল পাওয়ার আশাবাদী হয়ে বসে থাকে। অথবা তার মত যে নিম গাছের বীজ লাগিয়ে আঙ্গুর ফলের আশা রাখে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5665

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন